



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন গোল্ড মেডেল এওয়ার্ড এবং নবীন বরণ ২০২৩ অনুষ্ঠিত



৪ মার্চ ২০২৪-সোমবার গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ৫ম এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন গোল্ড মেডেল এওয়ার্ড এবং স্নাতক পর্যায়ে ১৭তম ব্যাচ ও ১৮তম ব্যাচের নবীন বরণ ২০২৩ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম। গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ শরিফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের ট্রাস্টি জনাব এম. নুরুল আলম।

উল্লেখ্য গণিতের উৎকর্ষ সাধনে প্রতি বছর গণিত বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে যেসকল শিক্ষার্থী প্রথম স্থান অর্জন করে তাদেরকে উক্ত এওয়ার্ড প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় স্নাতক শ্রেণির তিন শিক্ষাবর্ষের তিনজন শিক্ষার্থী প্রত্যেককে (মোছাঃ ফারজানা পারভীন, আয়েশা আক্তার ও সাদিয়া ইসলাম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



রুকাইয়া) স্বর্ণপদক, নগদ বিশ হাজার টাকা ও সনদ প্রদান করা হয়। একই সাথে স্নাতকোত্তর শ্রেণির তিন শিক্ষাবর্ষের তিনজন শিক্ষার্থী প্রত্যেককে (রনি আহমেদ, বৃষ্টি সাহা ও আয়েশা আক্তার) স্বর্ণপদক, নগদ ত্রিশ হাজার টাকা ও সনদ প্রদান করা হয়।

অনুষ্ঠানটির আয়োজক কমিটির আহবায়ক হিসেবে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. মোস্তাক আহমেদ এবং সঞ্চালনা করেন বিভাগের সহযোগী অধ্যাপক অধ্যাপক ড. বিষ্ণু পদ ঘোষ।

এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং নবীন শিক্ষার্থীবৃন্দ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।